

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৯৫

পরিচ্ছেদঃ শামবাসীদের প্রসঙ্গে।

باب ما جاء في الشام

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ مُعَاوِيَةَ بْنِ قُرَّةَ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا فَسَدَ أَهْلُ الشَّامِ فَلاَ خَيْرَ فِيكُمْ لاَ تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي مَنْصُورِينَ لاَ يَضُرُّهُمْ مَنْ خَذَلَهُمْ حَتَّى تَقُومَ السَّاعَةُ ". قَالَ مُحَمَّدُ بْنُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي مَنْصُورِينَ لاَ يَضُرُّهُمْ مَنْ خَذَلَهُمْ حَتَّى تَقُومَ السَّاعَةُ ". قَالَ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ قَالَ عَلِيٌ بْنُ الْمَدِينِيِّ هُمْ أَصْحَابُ الْحَدِيثِ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عِبْدِ اللّهِ بْنِ حَوَالَةَ وَابْنِ عُمْرَ وَزَيْدِ بْنِ ثَابِتٍ وَعَبْدِ اللّهِ بْنِ عَمْرٍ و . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ عَبْدِ اللّهِ بْنِ عَمْرٍ و . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحَيحٌ .

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا بَهْزُ بْنُ حَكِيمٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ أَبُو قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَيْنَ تَأْمُرُنِي قَالَ " هَا هُنَا " . وَنَحَا بِيَدِهِ نَحْوَ الشَّامِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

২১৯৫. মাহমূদ ইবন গায়লান (রহঃ) মুআবিয়া ইবন কুররা তার পিতা কুররা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, শামবাসিরা যখন খারাপ হয়ে যাবে তখন আর তোমাদের কোন মঙ্গল নাই। আমার উম্মাতের মাঝে একদল সবসময় বিজয়ী থাকবে, তাদেরকে যারা লাঞ্চিত করার চেষ্টা করবে তারা কিয়ামত সংঘটিত হওয়া পর্যন্ত তাদের কোন ক্ষতি সাধন করতে পারবে না। সহীহ, ইবনু মাজাহ ৬, তিরমিজী হাদিস নম্বরঃ ২১৯২ [আল মাদানী প্রকাশনী]

মুহাম্মদ ইবন ইসমাঈল (বুখারী) বলেন যে, আলী ইবন মাদীনী (রহঃ) বলেছেন, এই দল হল মুহাদ্দীছিনের জামাআত।

এই বিষয়ে আবদুল্লাহ ইবন হাওয়ালা, ইবন উমার, যায়দ ইবন ছাবিত এবং আবদুল্লাহ ইবন আমর রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান-সহীহ।



আহমাদ ইবন মানী' (রহঃ) ... বাহয ইবন হাকীম তার পিতা, তার পিতামহ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললামঃ ইয়া রাস্লাল্লাহ, আপনি আমাকে কোথায় বাস করতে হুকুম করেন?

তিনি বললেনঃ এই দিকে এবং হাত দিয়ে শামের দিকে ইঙ্গিত করলেন। সহীহ, ফাযাইলুশ্শাম হাদীস নং ১৩। এ হাদীসটি হাসান-সহীহ।

English

Mu'awiyah bin Qurrah narrated from his father that the Messenger of Allah(s.a.w) said:

"When the inhabitants of Ash-Sham become corrupt, then there is no good in it for you. There will never cease to be a group in my Ummah who will be helped(by Allah), they will not be harmed by those who forsake them until the Hour is established." Muhammad bin Isma'il said: "Ali bin Al-Madini said: 'They are the people of Hadith."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মু'আবিয়াহ্ ইবনু কুররাহ্ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন